দৈনিক সংবাদ

তারিখ 26 JUL 1998
পৃষ্ঠা 2 কলাম ৬

# প্রাথমিক শিক্ষানীতি প্রণয়নের আহ্বান

বিসিএস প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সমিতির নেতৃবৃন্দ দেশে প্রাথমিক শিক্ষার জন্য সুনির্দিষ্ট জাতীয় প্রাথমিক শিক্ষানীতি প্রণয়নের আহ্বান জানিয়েছেন। তারা প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে অপ্রয়োজনীয় ও ব্যয়বহুল এডিসি (শিক্ষা ও উন্নয়ন) পদ সৃষ্টির প্রক্রিয়া বন্ধ করার আহ্বান জানান।

বিসিএস প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সমিতির সভাপতি সাখাওয়াত হোসেন ও প্রচার সম্পাদক মোঃ সুলতান মিয়া এক বিবৃতিতে বলেন, প্রাথমিক শিক্ষার সফল বাস্তবায়নের জন্য যেখানে সরকারের প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বিভাগ, জেলা ও থানা পর্যায়ে শিক্ষা অফিস এবং থানা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন কমিটি রয়েছে সেখানে নতুন একটি এডিসি পদ সৃষ্টি প্রাথমিক শিক্ষা বিভাগের উপর 'বোঝার উপর শাকের আঁটি' ছাড়া আর কিছু হবে না।